# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬০, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd


স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২২-২০২৩/৬০৬/৩৭৭০

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

# বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে কোটায় ভর্তির নোটিস

GST গুচ্ছভুক্ত কোনো বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমাদানের মাধ্যমে কোটায় প্রাথমিক ভর্তি নিশ্চিতকরণপূর্বক যারা বরিশাল বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির জন্য মনোনীত হয়েছে (সর্বশেষ মেধা তালিকায়) তাদেরকে আগামী ০৮/১০/২০২৩ থেকে ০৯/১০/২০২৩ তারিখের মধ্যে নিম্নের নির্দেশনা অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। এই সময়সীমার মধ্যে কোনো শিক্ষার্থী ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রয়োজনীয় নির্দেশনা:

১) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার GST ভর্তি পরীক্ষার কক্ষ পরিদর্শকের স্বাক্ষর সংবলিত মূল প্রবেশপত্র দেখিয়ে ডিন অফিস থেকে কোটায় ভর্তির সিল সম্বলিত ভর্তি ফরম ও পে-স্লিপ সংগ্রহ করবে। উক্ত ভর্তি ফরম ও পে-স্লিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদের ফটোকপি, মূল প্রবেশপত্রের ফটোকপি এবং চয়েস ফরমের প্রিন্টআউটের মূল কপিসহ ফরমের যথাস্থানে এক কপি রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাপলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-স্লিপ ডিন অফিসে জমা দিতে হবে। এছাড়াও ফরমের সাথে কোটার স্বপক্ষে নিম্নলিখিত কাগজপত্রাদির ফটোকপি সংযুক্ত করতে হবে।

**i. মুক্তিযোদ্ধার সন্তান ও নাতি/নাতনি কোটায় আবেদনকারীদের জন্য-**

ক) মুক্তিযোদ্ধার সনদ যা প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত

খ) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যুসনদ

গ) মুক্তিযোদ্ধার নাতি/নাতনি প্রমাণের পক্ষে মুক্তিযোদ্ধার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/জেলা মুক্তিযুদ্ধ কমান্ড কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদ

ঘ) আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ

ঙ) আবেদনকারীর পিতা ও মাতার এস.এস.সি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)/জাতীয় পরিচয়পত্র

চ) মুক্তিযোদ্ধার নাম উল্লেখসহ মুক্তিবার্তার ও গেজেটের সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি

ছ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে সংরক্ষিত ডাটাবেজ থেকে ডাউনলোডকৃত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার তথ্যের প্রতিলিপি

**ii. উপজাতি কোটায় আবেদনকারীদের জন্য-**

ক) উপজাতি প্রধান/জেলা প্রশাসকের সনদপত্র

খ) আবেদনকারীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র

**iii. প্রতিবন্ধী কোটায় আবেদনকারীদের জন্য-**

ক) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদ

**iv. হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় আবেদনকারীদের জন্য-**

ক) হরিজন ও দলিত সম্প্রদায়ের ক্ষেত্রে নিজ জেলার জেলা প্রশাসকের সনদপত্র

**vi. পোষ্য কোটায় আবেদনকারীদের জন্য-**

ক) অত্র বিশ্ববিদ্যালয় চাকুরিরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্যদের ক্ষেত্রে (সন্তান/স্বামী-স্ত্রী) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

২) ডিন অফিসে ভর্তি ফরম জমা দেয়ার পরে শিক্ষার্থীকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ড, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ ও কোটার স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্রের মূলকপি একটি লিগ্যাল খামে ঢুকিয়ে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের নিকট উপস্থিত হতে হবে।

৩) বিভাগের সংশ্লিষ্ট শিক্ষক উপরিল্লিখিত কাগজপত্রের ফটোকপিসমূহ মূল কাগজপত্র দেখে যাচাই-বাচাই করে সত্যায়ন করবেন।

৪) বিভাগ কর্তৃক কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-স্লিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।

# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-৬২২৪৪, ০১৭১১১৮২১৬৫, ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web:https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

৫) ভর্তি ফি ১৫,১৫০/- (পনের হাজার একশত পঞ্চাশ) টাকা থেকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রাথমিক ভর্তি নিশ্চায়নে পরিশোধিত হয়েছে বিধায় অবশিষ্ট ১০,১৫০/- (দশ হাজার একশত পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংক বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় জমা প্রদান করতে হবে । উল্লেখ্য, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ এবং জীববিজ্ঞান অনুষদের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্ধারিত ল্যাব ফি যুক্ত হবে।

৬) বিভাগ উন্নয়ন ফি এবং ল্যাব ফি বিভাগ কর্তৃক নির্দেশিত সময়ে বিভাগের ব্যাংক হিসাব-এ জমা দিতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে-

(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়

স্মারক নং-বিইউ/রেজি./একাডেমিক/ভর্তি পরীক্ষা/২০২২-২০২৩/৬০৬/৩৭৭০

তারিখ: ২০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতানুসারে নয়):
১। ডিন, সকল অনুষদ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
২। চেয়ারম্যান, সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৩। প্রক্টর, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৪। আহ্বায়ক, টেকনিক্যাল কমিটি, ভর্তি পরীক্ষা ২০২২-২৩, বরিশাল বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে আপলোড করার জন্য)।
৫। সমন্বয়কবৃন্দ 'ক', 'খ' ও 'গ' ইউনিট ভর্তি কমিটি, ভর্তি পরীক্ষা ২০২২-২৩, বরিশাল বিশ্ববিদ্যালয়।
৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় ( উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। ম্যানেজার, সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা।
৯। নথি/মহানথি।

০৫/১০/২৩

(মোঃ মিলন)
সহকারী রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়